দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 AUG 2017
পৃষ্ঠা ১৫ কলাম ২

# স্বরূপকাঠিতে জিপিএ-৫ প্রাপ্ত ছাত্রীদের সংবর্ধনা

■ স্বরূপকাঠি (পিরোজপুর) সংবাদদাতা

উপজেলার ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান ফজিলা রহমান মহিলা কলেজ থেকে এইচএসসি পরীক্ষা জিপিএ-৫ প্রাপ্ত পাঁচ কৃতী ছাত্রীকে গতকাল বৃহস্পতিবার সংবর্ধনা দেয়া হয়।

এ সময়ে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মো. ওয়াহিদুজ্জামান ওয়াহিদ, বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার আবু সাঈদ ও সহকারি কমিশনার (ভূমি) মো. বশির আহমেদ। কলেজ অধ্যক্ষ মো. বেলায়েত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান ও বিশেষ অতিথি ছাড়াও বক্তব্য রাখেন ম্যানেজিং কমিটির সদস্য মো. সাইদুর রহমান জাহাংগীর, সহকারি অধ্যাপক মো. শহীদুল ইসলাম বাহাদুর, ঠাকুর দাস পাল, অভিভাবক আলহাজ মো. ফজলুল হক, সংবর্ধিত শিক্ষার্থী রুকাইয়া বেগম ও মোসা. জান্নাতুল ফেরদৌস শান্তা প্রমুখ। অনুষ্ঠানে সংবর্ধিত শিক্ষার্থীদের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। উল্লেখ্য, এইচএসসি পরীক্ষায় ২০১৭ এর ফলাফলে উপজেলার ৭টি কলেজের মধ্যে ফজিলা রহমান মহিলা কলেজ শীর্ষ স্থান লাভ করেছে।



স্বরূপকাঠি (পিরোজপুর): সংবর্ধিত ছাত্রীদের সাথে অতিথিরা —ইত্তেফাক